

ধানের নেকব্লাস্ট রোগের আক্রমণের আগাম সতর্কবার্তা

বর্তমানে বাংলাদেশে যে আবহাওয়া বিরাজ করছে তা চলতি বোরো মওসুমের আগামজাত সমূহে নেকব্লাস্ট রোগ মহামারী আকার ধারণ করার জন্য খুবই উপযোগী। এখনই যথাযথ ব্যবস্থা নিলে এ রোগের আক্রমণ থেকে ফসলকে অনেকাংশে রক্ষা করা সম্ভব। অন্যথায় ফসলের ব্যাপক ক্ষতি হতে পারে।

গাছের বৃদ্ধি পর্যায় : খোড় ফেটে শিষের মাথা বের হওয়া থেকে আগাম ফুল বের হওয়া পর্যায়

জাত : ব্রি ধান২৮, ব্রি ধান৫০, ব্রি ধান৬৩, ব্রি ধান৮১

বর্তমান সমস্যা : পাতা ব্লাস্ট অথবা নেক ব্লাস্ট রোগের প্রাথমিক লক্ষণ

ব্যবস্থাপনা : যেসব জমির ধান নেকব্লাস্ট রোগে আক্রান্ত হয়নি অথচ উক্ত এলাকায় রোগের অনুকূল আবহাওয়া (গুঁড়ি গুঁড়িবৃষ্টি, কুয়াশাচ্ছন্ন মেঘলা আকাশ) বিরাজমান, সেখানকার ধানের জমিতে রোগ হোক বা না হোক, শিষ বের হওয়ার আগে আগেই প্রতি ৫ শতাংশ জমিতে ৮ গ্রাম ট্রুপার ৭৫ ডব্লিউপি/দিফা অথবা ৬ গ্রাম নাটিভো ৭৫ ডব্লিউজি অথবা ট্রাইসাইক্লোজল/স্ট্রবিন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় ১০ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে শেষ বিকালে ৫-৭ দিন অন্তর দু'বার প্রয়োগ করতে হবে।



এছোমিটিওরোলোজি এন্ড ক্রপ মডেলিং ল্যাব
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর